



আল্লাহকে নিয়ে কটুক্তি অভিযুক্ত বাউল শিল্পীর শাস্তির দাবি হেফাজতের



সংগৃহীত ছবি

আল্লাহকে নিয়ে অবমাননাকর মন্তব্যের অভিযোগে বাউল আবুল সরকারের শাস্তির দাবি তুলেছে হেফাজতে ইসলাম। শুক্রবার বায়তুল মোকাররম মসজিদ সংলগ্ন এলাকায় আয়োজিত এক সমাবেশে সংগঠনটির নেতারা এ অভিযোগ তুলে কঠোর পদক্ষেপের আহ্বান জানান।

সমাবেশে বক্তব্য দেন হেফাজতে ইসলাম ঢাকা মহানগরের নেতা ফজলুর রহমান, কেন্দ্রীয় নেতা শফিউল ইসলাম ও মজিবুর রহমান। তারা অভিযোগ করেন, দেশে বিভিন্ন সময়ে আল্লাহ, রাসুল ও ইসলাম ধর্ম নিয়ে বিতর্কিত মন্তব্য করা হলেও অনেক ক্ষেত্রেই আইনি প্রতিক্রিয়া দুর্বল থাকে। বক্তাদের দাবি, অপরাধীরা আইনের বাইরে থেকে যায়, কিন্তু প্রতিবাদকারীদেরই প্রায়ই সমালোচনা সহ্য করতে হয়।

হেফাজতের নেতারা বলেন, বাংলাদেশ মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ, যেখানে মানুষের দৈনন্দিন জীবন ধর্মীয় মূল্যবোধের ওপর নির্ভরশীল। এমন বাস্তবতায় আল্লাহকে নিয়ে কটুক্তি সহ্য করা সম্ভব নয়। তাদের বক্তব্য, “আজানের সুরে যে দেশের মানুষের দিন শুরু হয়, সেই দেশে আল্লাহকে অবমাননা করলে তাকে ছাড় দেওয়া যায় না।”

বক্তারা আরও উল্লেখ করেন, একজন স্বল্পশিক্ষিত ব্যক্তি কীভাবে কোরআনের ব্যাখ্যা দেওয়ার মতো সাহস দেখায়, তা প্রশ্নবিদ্ধ। তাদের দাবি, আবুল সরকারের বক্তব্য মুসলিম সমাজের বিশ্বাসকে গভীরভাবে আঘাত করেছে; তাই তার বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা জরুরি।